ইত্তেফাক

দৈনিক
ইত্তেফাক

তারিখ 17 FEB 2010
পৃষ্ঠা ২ কলাম ২

# বরিশালের দেড় সহস্রাধিক শিক্ষাপ্রতিষ্ঠানে চালু হয়নি কম্পিউটার শিক্ষা

■ ভ্রাম্যমাণ সংবাদদাতা

বরিশাল বিভাগে ৬ জেলার ৪০টি উপজেলায় দেড় সহস্রাধিক মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার শিক্ষা চালু হয়নি। না হওয়ার অন্যতম কারণ বিদ্যুতের অভাব। আবার যে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার শিক্ষা চালু আছে তাও নামে মাত্র। কারণ দক্ষ ও অভিজ্ঞ শিক্ষক পর্যাপ্ত কম্পিউটার ও উন্নত মানের কম্পিউটার ল্যাবের অভাবে শিক্ষার্থীরা হাতে কলমে কম্পিউটার ব্যবহারের কাজ শিখতে পারছে না।

বরিশাল বিভাগের ৬ জেলা পটুয়াখালী, বরগুনা, ভোলা, বরিশাল, ঝালকাঠী ও পিরোজপুর জেলায় ২২৭৯টি মাধ্যমিক স্কুল, মাদরাসা ও কলেজ রয়েছে। এর মধ্যে সরকারি মাধ্যমিক স্কুল ২০টি, বে-সরকারি স্কুল ৯৮৭টি। মাদরাসা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে ১১৭৭টি এবং কলেজ ৯৫টি। একটি বে-সরকারি সংস্থার জরিপ-তথ্যে জানা যায়, জেলা শহর বাদে উপজেলা শহরসহ প্রত্যন্ত গ্রামের ৯০ ভাগ শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার শিক্ষা চালু নেই। আবার যে সমস্ত উপজেলায় বিদ্যুৎ আছে সে সমস্ত উপজেলায় কম্পিউটার শিক্ষা চালু আছে কিন্তু দক্ষ, অভিজ্ঞ শিক্ষক ও পর্যাপ্ত কম্পিউটারের অভাবে কার্যক্রম নেই বললেই চলে।

বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে খোঁজ-খবর নিয়ে জানা যায়, অনেক শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার শিক্ষা চালু আছে, কিন্তু শিক্ষক নিয়োগের সময় ডোনেশনের মাধ্যমে কম্পিউটার সম্পর্কে আদৌ কোন ধারণা নেই এমন ব্যক্তিকে নিয়োগ দেয়া হয়েছে, যিনি কম্পিউটার সম্পর্কে ছাত্র-ছাত্রীদের কিছুই ধারণা দিতে পারে না। এমনকি কম্পিউটারের সামান্য ত্রুটি দেখা দিলেও সারাতে পারেন না। ফলে ঐ সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানের কম্পিউটার দীর্ঘদিন ধরে অকেজো হয়ে পড়ে আছে। ঐ সমস্ত শিক্ষক দ্বারা অন্য বিষয়ে পাঠদান করানো হয়ে থাকে।

আবার অনেক শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার কোর্স চালু আছে, কম্পিউটারও আছে কিন্তু জনবল কাঠামো সমস্যার কারণে শিক্ষক নিয়োগ দিতে পারছে না। এ দিকে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে কম্পিউটার কোর্স খোলার পূর্বে শিক্ষা বোর্ড শর্ত বেঁধে দেয় কমপক্ষে ৫টি কম্পিউটার থাকতে হবে।

বরিশাল বিভাগে উপজেলা পর্যায়ে বেশি শিক্ষার হার ও শিক্ষা প্রতিষ্ঠান হচ্ছে পটুয়াখালী জেলার বাউফল উপজেলা। ঐ উপজেলায় ১০টি কলেজ, ৬৫টি মাধ্যমিক বিদ্যালয় এবং ৭৩টি মাদরাসা রয়েছে। এ উপজেলায় অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠানে বিদ্যুৎ আছে এবং কম্পিউটার কোর্সও চালু আছে। কম্পিউটার কোর্স চালু আছে এমন শিক্ষা প্রতিষ্ঠানে খোঁজ-খবর নিয়ে জানা যায়, বাউফল সদরে অবস্থিত ইঞ্জিনিয়ার ফারুক তালুকদার মহিলা কলেজে কম্পিউটার কোর্স চালু আছে, শিক্ষকও আছে। সেটিও দীর্ঘদিন যাবৎ নষ্ট। ছাত্রীদের হাতে কলমে কম্পিউটার শিখানোর মত ব্যবস্থা নেই।

বাউফল সদরে অবস্থিত সিনিয়র মাদরাসায় কম্পিউটার কোর্স চালু আছে, শিক্ষকও আছে কিন্তু কম্পিউটার নেই। ঐ শিক্ষক দীর্ঘ ৪ বছর যাবৎ সরকারি বেতনভাতা খাচ্ছেন। অধ্যক্ষ জানান, কম্পিউটার কেনার মত তাদের কোন টাকা নেই। কালাইয়া রব্বানিয়া সিনিয়র ফাজিল মাদরাসায় কম্পিউটার কোর্স চালু আছে, কম্পিউটারও আছে কিন্তু জনবল কাঠামোর সমস্যার কারণে শিক্ষক নিয়োগ দিতে পারছে না।